দৈনিক
ইনকিলাব

তারিখ .. 23 SEP 2007 ..
পৃষ্ঠা ৩ কলাম ৭ ....

# রেজিস্ট্রারের কার্যালয়
# ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া, ঝিনাইদহ, বাংলাদেশ

নং-১/সা,শিক্ষা/ইবি-২০০৭/০১ তারিখ ঃ ১৯-৯-০৭

# ফাযিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত ও অনুমতিপ্রাপ্ত ফাজিল ও কামিল মাদ্রাসার প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে ফাজিল বিএ/বিএসএস/বিএসসি (৩ বৎসর মেয়াদী) এবং কামিল এম এ হাদীস/তাফসীর/ফিকহ/আদব (২ বৎসর মেয়াদী) শ্রেণীতে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের ভর্তি ও নাম রেজিস্ট্রেশনের জন্য নিম্নবর্ণিত নিয়মানুযায়ী তালিকা ও রেজিস্ট্রেশন ফিসহ অন্যান্য ফি জমা দিতে হবে।

## ভর্তি ও রেজিস্ট্রেশনের নিয়মাবলী ঃ

১. আগামী ২৭-১০-২০০৭ ইং তারিখ হতে ২৬-১১-২০০৭ ইং তারিখের মধ্যে ফাজিল ও কামিল শ্রেণীতে ভর্তি হতে হবে।

২. উক্ত সময়ের মধ্যে যে সকল ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে না তাদেরকে বিলম্ব ফিসহ ২৭-১১-২০০৭ ইং তারিখ হতে ১৯-১২-২০০৭ ইং তারিখের মধ্যে ফাজিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ভর্তি হতে হবে।

৩. নির্বাচনী পরীক্ষার মাধ্যমে ভর্তির কার্যাদি সম্পন্ন করতে হবে।

৪. নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও মাদ্রাসা প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূলকপি সংরক্ষণ না করে কোনক্রমেই ছাত্রছাত্রী ভর্তি করা যাবে না।

৫. ২০০৬ ও ২০০৭ সালে আলিম/ফাজিল পরীক্ষা পাস করা ছাত্র-ছাত্রীগণ ফাজিল ও কামিল শ্রেণীতে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে (২০০৬ সালে পাস করা ছাত্রছাত্রীদের শিক্ষা বিরতি ফিস দিতে হবে) স্বীকৃতি/অনুমতিবিহীন মাদ্রাসায় ছাত্রছাত্রী ভর্তি করা যাবে না। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সকল ফাজিল ও কামিল মাদ্রাসা ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপর ন্যস্ত হওয়ার পূর্বে যে সকল মাদ্রাসা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ফাযিল/কামিল স্বীকৃতি/পাঠদানের অনুমতি পেয়েছে সে সকল মাদ্রাসার ছাত্রছাত্রীরা নিয়মিত ছাত্রছাত্রী হিসেবে ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে ভর্তির জন্য রেজিস্ট্রেশন করতে পারবে।

৬. (ক) নির্ধারিত আবেদন ফরমে স্বাক্ষর নিয়ে ছাত্রছাত্রী ভর্তি করতে হবে। ছাত্রছাত্রী অথবা অভিভাবকের সম্মতি ব্যতীত কোন ছাত্রছাত্রী ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রত্যেক ছাত্রছাত্রীর নিকট থেকে এ মর্মে একটি অঙ্গীকারনামা নিতে হবে যে, 'আমি ভালভাবে বুঝে শুনেই এই মাদ্রাসায় ভর্তি হতে ইচ্ছুক। ভর্তি হওয়ার পর কোন অবস্থাতেই এই মাদ্রাসা পরিবর্তন করে অন্য কোন প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন করবো না।'

(খ) রেজিস্ট্রেশন ফিস-এর ব্যাংক ড্রাফট-এর সাথে ০২ (দুই) কপি (TOT list) তালিকা জমা দিতে হবে।

(গ) SIF অবশ্যই ভর্তিকৃত ছাত্রছাত্রী দ্বারা নির্ভুলভাবে পূরণ করতে হবে। পূরণকৃত SIF -এ প্রদত্ত ছাত্রছাত্রী স্বাক্ষরের সাথে তালিকায় প্রদত্ত স্বাক্ষরে মিল থাকতে হবে।

(ঘ) ০৫-১-২০০৮ ইং হতে ১৭-১-২০০৮ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট মাদ্রাসার প্রধানগণ SIF সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করতঃ SIF-সহ এক কপি (TOT list) তালিকাসহ ৩১-৩-২০০৮ তারিখের মধ্যে অবশ্যই হাতে হাতে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিসে (অফিস চলাকালীন সময়ে) জমা দিতে হবে। আংশিক SIF পাঠানো যাবে না। নির্ধারিত তারিখের পরে পূরণকৃত ও প্রেরিত SIF গ্রহণ করা হবে না।

(ঙ) কামিল শ্রেণীতে প্রতি বিভাগের জন্য পৃথক পৃথক তালিকা (TOT list) তৈরী করতে হবে।

(চ) SIF পূরণের ক্ষেত্রে পূর্ববর্তী পরীক্ষার তথ্য যেমন- কামিল শ্রেণী হলে ফাযিল পরীক্ষার রোল নম্বর, পরীক্ষার সন এবং ফাযিল শ্রেণী হলে আলিম পরীক্ষার রোল নম্বর, সন সঠিকভাবে পূরণ করতে হবে।

(ছ) ফাযিল/কামিল শ্রেণীর ছাত্রছাত্রীদের রেজিস্ট্রেশন ফিস-এর হার (ছাত্রছাত্রী প্রতি)

| শ্রেণী | রেজিঃ ফি | বিলম্ব রেজিঃ ফি | ভর্তি ফি | বিলম্ব ভর্তি ফি | ক্রীড়া ফি | রোভার স্কাউটস/বিএনসিসি ফি | শিক্ষা বিরতি ফি |
|---|---|---|---|---|---|---|---|
| ফাযিল | ২০০/- | ৩০০/- | ১৫০/- | ১৫০/- | ৫০/- | ২৫/- | ১৫০/- |
| কামিল | ২০০/- | ৩০০/- | ২০০/- | ২০০/- | ৫০/- | ২৫/- | ২০০/- |

(জ) ভর্তি ফি, বিলম্ব ভর্তি ফি, শিক্ষা বিরতি ফি ও ক্রীড়া ফি বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি, SIF ও (TOT list)-এর তালিকা বিশ্ববিদ্যালয়ে জমা দেওয়ার সময় জমা দিতে হবে।

(ঝ) ডাকযোগে প্রেরিত ড্রাফট ও তালিকা (TOT list) গ্রহণ করা হবে না।

(ঞ) যে সকল ছাত্রছাত্রীর শিক্ষা বিরতি আছে ও যারা বিলম্বে ভর্তি হয়েছে তাদের নাম তালিকার মধ্যে লাল কালিতে চিহ্নিত করতে হবে।

(ট) নতুন অনুমতি প্রাপ্ত মাদ্রাসার ক্ষেত্রে অনুমতিপত্রের সত্যায়িত ফটোকপি তালিকার সঙ্গে সংযুক্ত করতে হবে।

(ঠ) রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর অনুকূলে আদায়যোগ্য অগ্রণী ব্যাংকের ডিডি/পিডি ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণ করা হবে না। ড্রাফটের অপর পৃষ্ঠায় মাদ্রাসা প্রধানের সীল ও স্বাক্ষর থাকতে হবে।

(ড) ভর্তিকৃত ছাত্রছাত্রী প্রত্যেকের পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি (টুপি/ওড়না পরিহিত) রঙিন ছবি মাদ্রাসার সংরক্ষণ করতে হবে যা পরবর্তী সময়ে রেজিস্ট্রেশন কার্ডের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(ঢ) গৃহীত SIF পূরণের সময় সতর্কতা অবলম্বন করতে হবে। SIF-এর ফটোকপি/নষ্ট SIF/ব্লাংক (ফাঁকা) SIF জমা দেওয়া যাবে না। SIF ঘষামাজা ও উপরি লিখন সম্পূর্ণ নিষিদ্ধ।

(ণ) গ্রুপ ও বিষয় পরিবর্তনের জন্য নির্ধারিত ফিস ৪৫০/- (চার শত পঞ্চাশ) টাকার ড্রাফটসহ (প্রতি বিষয়ের জন্য) ৩১-৩-২০০৮ তারিখের মধ্যে আবেদন করা যাবে।

(ত) ছাত্রছাত্রীদের সকল তথ্য দাখিল পরীক্ষার অনুরূপ হতে হবে।

ডঃ মোঃ মসলেম উদ্দিন
রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

জি-৫০০৬/০৭ (৮"x৩)
I.-97775